# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১০৯৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের কাতার সোজা করা

### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «خِيَارُكُمْ أَلْيَنُكُمْ مَنَاكِبَ فِي الصَّلَاةِ» . رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

১০৯৯-[১৫] ইবনু ’আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ যারা সালাতের মাঝে নিজেদের কাঁধগুলো নমনীয় রাখে, তোমাদের মাঝে তারাই ভাল। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৬৭২, মুসনাদে বাযযার ৫১৯৫, সহীহাহ্ ২৫৩৩, সহীহ আত্ তারগীব ৪৯৭, সহীহ আল জামি‘ ৩২৬৪।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীস থেকে বুঝা যায়, মুসল্লীগণ কাতার থেকে আগপিছ হয়ে থাকলে বিশেষ কেউ তা সোজা করে দিতে পারে। কেউ সোজা করে দিলে তার সাথে অন্যদের ভাল আচরণ করা উচিত। মাযহার বলেন, হাদীসটির অর্থ হচ্ছে কেউ কাতারে আছে এ অবস্থায় অন্য কেউ তাকে কাতার সোজা করার ব্যাপারে নির্দেশ করলে অথবা তার কাঁধের উপর হাত রাখলে মুসল্লী ব্যক্তির দায়িত্ব নির্দেশকারী বা কাঁধে হাত রাখা ব্যক্তির আনুগত্য করা এবং অহংকার না করা। খাত্ত্বাবী মা‘আলিম গ্রন্থে বলেন, (لين المنكب) বলতে সালাতে প্রশান্তি ও পরিতৃপ্তি উদ্দেশ্য; এদিক ঐদিক তাকানো যাবে না একজনের কাঁধ অন্যজনের কাঁধ দ্বারা চুলকাবে না। তিনি বলেন, কখনো এর অন্য আরেকটি দিক পরিলক্ষিত হতে পারে আর তা হচ্ছে যে ব্যক্তি কাতারের মাঝের ফাঁক বন্ধের জন্য বা জায়গা সংকীর্ণ হওয়ার কারণে কাতারসমূহের মাঝে প্রবেশের ইচ্ছা করে তাকে বাধা না দেয়া। বরং প্রবেশকারীর পক্ষে ফাঁকে প্রবেশ করা সম্ভব। তবে সেও কাতার এঁটে দেয়ার সময় অন্যকে নিজ কাঁধ দ্বারা প্রতিহত করবে না। মীরাক বলেন, তবে প্রথম ব্যাক্যটিই অধ্যায়ের সাথে অধিক সামঞ্জস্যশীল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55659

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন